

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

নথি নং- ২(১) শুল্কঃ রপ্তানী ও বন্ড / ৯৭/ ১৫১৬-১৫২৭

তারিখঃ ০৯/১১/২০০০ ইং।

অফিস স্মারক

বিষয়ঃ নতুন সৃষ্ট বন্ড কমিশনারেটে সকল প্রকৃতির বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের নথিপত্র, তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

- সত্রঃ ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং অম/সবি-৩/শুল্ক-২৩/৯৯/৪৭০, তাং-২৯/৯/২০০০ ইং।
২। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৫(২) শঃ ভঃ প্রঃ/৮৯/১৫২২, তাং-০১/১১/২০০০ ইং।

উপর্যুক্ত বিষয় ও সত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ পর্বক জানানো যাচ্ছে যে, সত্রোক্ত আদেশের মাধ্যমে বন্ড কমিশনারেট নামে একটি নতুন কমিশনারেট কর্তৃপক্ষ সৃষ্টি ও তাতে একজন কমিশনার পদস্থ করা হয়েছে। নব সৃষ্ট এই বন্ড কমিশনারেটের প্রধান কাজ হবে- বাংলাদেশের সকল অঞ্চলে অবস্থিত / অন্যান্য কমিশনারেট / কাস্টম হাউস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন সকল-

- (ক) স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রাপ্ত সকল প্রতিষ্ঠান (শতভাগ রপ্তানীমুখী পোশাক শিল্প);
(খ) সাধারণ বন্ড লাইসেন্স প্রাপ্ত প্রচলিত রপ্তানীসহ অন্যান্য শতভাগ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান;
(গ) সাধারণ বন্ড লাইসেন্স প্রাপ্ত আমদানী বিকল্প শিল্প প্রতিষ্ঠান;
(ঘ) সরকারী ও বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) অবস্থিত সকল শিল্প প্রতিষ্ঠান;
(ঙ) ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি, ডিউটি পেইড, বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রাপ্ত সকল প্রতিষ্ঠান - ইত্যাদির বন্ড লাইসেন্স প্রদান করা, লাইসেন্সীর বন্ড সংক্রান্ত অতীত ও বর্তমান সকল কর্মকান্ড যথা- লাইসেন্স নবায়ন/বাতিলকরণ, বিভাগীয় ও ফৌজদারী মামলা পরিচালনা, দাবীনামা জারী করা/দাবীর অর্থ/বকেয়া অর্থ আদায়, নিরীক্ষা/ অডিট করা ইত্যাদি (বন্ড লাইসেন্সের আওতায় পণ্য/উপকরণ আমদানি ও উৎপাদিত পণ্য রপ্তানী সংক্রান্ত শুল্ক বিষয়ক কার্যক্রম ব্যতীত) পরিচালনা, তদারক, নিয়ন্ত্রণ, সেবা প্রদান ও ব্যবস্থাপনা করা। তবে, বন্ড লাইসেন্সের আওতায় উপকরণ/পণ্য বন্ড পদ্ধতিতে আমদানি ও তা শুল্কায়ন ও খালাস প্রদান এবং বন্ডারের উৎপাদিত পণ্য রপ্তানীর প্রক্রিয়াকরণ এ দুটো কাজ পূর্বের ন্যায় সংশ্লিষ্ট শুল্ক স্টেশন কর্তৃপক্ষ সম্পন্ন করবে।

০২। উপরিউক্ত লক্ষ্যে উপরে বর্ণিত ও দেশের সকল এলাকায় অবস্থিত সকল প্রকৃতির বন্ড লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের বর্ণিত সকল কর্মকান্ড সংক্রান্ত নথিপত্র তাঁদের বর্তমান স্ব-স্ব কমিশনারেট / কাস্টম হাউস কর্তৃপক্ষ হতে নতুন সৃষ্ট বন্ড কমিশনারেট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর/স্থানান্তরের আবশ্যিকতা রয়েছে। যথাযথভাবে সত্ত্বর বন্ড কমিশনারেটের কার্যাবলী আরম্ভ করার উদ্দেশ্যে বর্তমান বন্ড নিয়ন্ত্রণকারী কাস্টম হাউস/কমিশনারেট কর্তৃপক্ষ এখন হতে আগামী ৩০শে নভেম্বর/২০০০ খ্রীঃ এর মধ্যে নিম্নোক্ত তথ্য বিবরণী প্রস্তুতসহ অন্যান্য কার্যাবলী সম্পন্ন করে রাখবেন এবং নব সৃষ্ট বন্ড কমিশনারেটে উহা সরবরাহ করবেন:

- (ক) স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানীমুখী পোশাক শিল্প (নীট পোশাকসহ) সংক্রান্ত তথ্যাবলী “পরিশিষ্ট-১” এর ছকে লিপিবদ্ধ করে এবং উপ/যুগ্ম কমিশনারের নীচে নয় এমন কর্মকর্তা দ্বারা তা যাচাই করে ও তাতে সংশ্লিষ্ট সকলের স্বাক্ষর, নামীয় সীল দিয়ে - তথ্য বিবরণী (দুই কপি) প্রস্তুত করে বিবরণীর ক্রম অনুসারে সংশ্লিষ্ট নথি গুলো গুছিয়ে রাখতে হবে। একই সাথে এ সংক্রান্ত সকল রেজিষ্টার (লাইসেন্স প্রদান, বিভাগীয় / ফৌজদারী মামলা, দাবী নামা / বকেয়া রাজস্ব সংক্রান্ত) রাখতে হবে। এ কাজ করার সময় সংশ্লিষ্ট নথি ও রেজিষ্টার

